

৪০০ খ্রীষ্টাব্দ থেকে ১৬০০ খ্রীষ্টাব্দের মধ্যে খ্রীষ্টধর্মের প্রসার

যারা শিশুদের শিক্ষাদেন তাদের অবশ্যই অধ্যায়ণ H4b2 পাট করা উচিত

১. আপনার দলকে প্রাচীন খ্রীষ্টিয় ইতিহাস শিক্ষাদানের জন্য প্রার্থনা এবং বাক্যের দ্বারা নিজেকে প্রস্তুত করুন।

প্রার্থনা : “প্রিয় যীশু, তুমি কিভাবে লোকদের এবং বিভিন্ন জাতিকে আশীর্বাদ করেছিলে, সেই বিষয় প্রাচীন ইতিহাস থেকে শিখতে আমাদের সাহায্য কর।”

প্রেরিত ১৯ঃ১১-২৮ পদে খুঁজে দেখুন, খ্রীষ্টধর্ম যখন প্রতিমাপূজার সঙ্গে সংগ্রামের সম্মুখীন হয়েছিল, তখন কি ঘটেছিল।

- ঈশ্বর যীশুকে সম্মানিত করার জন্য কি করেছিলেন? (১১ এবং ১২ পদ দেখুন)
- প্রেতাছা তাড়ানোর জন্য আবিষ্কারসীগণ যীশুর নাম ব্যবহারের চেষ্টা করেছিল, তখন কি ঘটেছিল? (১৩-১৭)
- যারা যাদু বিদ্যা অনুশীলন করে তাদের প্রতি বিশ্বাসীদের কি করা উচিত? (১৮-২০)
- পাগান যাজকগণ এবং ধর্মীয় লোকেরা কি করার চেষ্টা করেছিল? (২১-২৮)

৪০০ খ্রীষ্টাব্দ থেকে ৮০০ খ্রীষ্টাব্দ পর্যন্ত

এশিয়ায় যখন পশ্চিম দিকে সরে যেতে লাগল, পাগান লোকেরা তখন রোম সাম্রাজ্য দখল করেছিল, এবং ইহাকে দুর্বল করেছিল। খ্রীষ্টধর্মের প্রতি এর বিভিন্ন প্রভাব পড়েছিল :

- পাগানরা সুসমাচার শিখেছিল এবং অসংখ্য লোকেরা বিশ্বাসী ওয়েছিল।
- মণ্ডলীর পরিবর্তে মঠগুলো বিশ্বাসের এবং শিক্ষার কেন্দ্রে পরিণত ওয়েছিল।
- আয়ারল্যান্ডের কেন্দ্রজাতীগণ সন্ন্যাসীদের মঠ শুরু করেছিল এবং ইউরোপে সুসমাচার প্রসার করেছিল।
- কেন্দ্রজাতী স্বাক্ষরতা অনুশীলন করতো এবং শিক্ষা দিত, তারা বাইবেল এবং অন্যান্য বই অনুবাদ করেছিল।
- দক্ষিণ এশিয়ায় খ্রীষ্টিয় সমাজের সূচনা হয়েছিল।
- নেস্টোরিয়ান খ্রীষ্টানগণ মধ্য এশিয়ায় মঠ স্বত্বীয় বিদ্যালয় স্থাপন করেছিল।
- ৮৪৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত চীনে নেস্টোরিয়ান খ্রীষ্টধর্ম সমৃদ্ধি লাভ করেছিল।
- অষ্টম শতাব্দীতে রোম সাম্রাজ্য চার্লিম্যাগনে খ্রীষ্টধর্মের উন্নতি সাধন করেন।

মথি ২৪ঃ৬-১৪ পদে খুঁজে দেখুন, যীশু তাঁর শিষ্যদের এই জগতে কিসের মোকাবিলা করতে হবে বলে বলেছিলেন।

- জাতিগণের মধ্যে কি ঘটবে? (৬ এবং ৭ পদ দেখুন)
- জাতিগণের মধ্যে যীশুর অনুসরণকারীদের প্রতি কি ঘটবে? (৯)
- যারা খ্রীষ্ট ধর্মের বিষয় শুনেছেন তাদের মধ্যে অসংখ্য লোক কি করবে? (১০)
- কি কারণে অসংখ্য লোক ফিরে যাবে? (১১ এবং ১২ পদ)
- ঐ সময় যীশুর অধিকাংশ প্রকৃত অনুসরণকারীদের কি করতে হবে? (১৩)
- সুসমাচারের প্রতি কি টবে? (১৪)

৮০০ খ্রীষ্টাব্দ থেকে ১২০০ খ্রীষ্টাব্দ

উত্তরের স্ক্যানাডিনেভীয় জলদস্যু ভাইকিংরা ইউরোপের ঐশ্বর্যের কেন্দ্রগুলো দখল করেছিল, তারা সন্ন্যাসীদের মঠগুলো ধ্বংস করে দিয়েছিল। পরে মুসলিমগণ এশিয়া এবং ইউরোপ দখল করেছিল। এই সকল ঘটনার বিভিন্ন প্রভাব পড়েছিল খ্রীষ্টধর্মের ওপর।

- ভাইকিংগণ অসংখ্য খ্রীষ্টানদের বন্দী করেছিল এবং তাদের কাছ থেকে সুসমাচারের শিক্ষা গ্রহণ করেছিল।
- ইউরোপে আবার খ্রীষ্টধর্ম প্রসার লাভ করতে শুরু করেছিল।

- অসংখ্য রাজাগণ এবং লোক গোষ্ঠী খ্রীষ্টান হয়েছিল, অন্ততঃ নামে খ্রীষ্টান হয়েছিল।
- ইউরোপের থেকে এশিয়াব্যাপী ইহা অধিক বিস্তার লাভ করেছিল।
- মুসলিমগণ কিছু সময় খ্রীষ্টানদের সহ্য করেছিল, কিন্তু তারপর থেকেই তারা ভয়ঙ্কর ভাবে খ্রীষ্ট ধর্মকে দমন করতে থাকে।

টীকাঃ অসংখ্য এশিয় লোকদের কাছে এবং জাতির কাছে নেস্টোরিয়ান খ্রীষ্টানগণ অত্যন্ত কার্যকরী মিশনারীতে পরিণত হয়েছিলেন, কারণ তারা নিম্নলিখিত বিষয়গুলো করেছিলেন।

- অধিকাংশ মিশনকর্মীগণ স্বাবলম্বী ব্যবসায়ী বা বনিক ছিলেন।
 - তারা অবিশ্বাসীদের প্রভাবিত করার জন্য দর্শন ও অলৌকিক কার্যের বিষয়ে ঈশ্বরের উপর নির্ভর করতেন।
 - তারা বিভিন্ন স্থানে শিক্ষা এবং চিকিৎসাগত পরিচর্যা কাজ স্থাপন করেছিলেন।
 - তারা পালকত্বের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করেছিলেন।
- যাইহোক নিম্নলিখিত কারণে তাদের অধিকাংশ কাজগুলো পরবর্তীকালে ধ্বংস হয়ে গেছিলঃ
- তারা স্থানীয় ভাষায় বাইবেল অনুবাদ করেন নি।
 - তারা স্থানীয় লোকদের তাদের নিজস্ব মণ্ডলী পরিচালিত করতে দেন নি।
 - তারা স্থানীয় খ্রীষ্টানদের তাদের নিজস্ব সংস্কৃতির পরিকাঠামোর মধ্যে দিয়ে আরাধনা করতে দেন নি।
 - তাদের মধ্যে অসংখ্য নামধারী সদস্য ছিল, যাদের জীবন রূপান্তরিত হয় নি, যারা কেবলমাত্র সম্পদ এবং ক্ষমতার জন্য জীবন যাপন করতেন।

১২০০ খ্রীষ্টাব্দ থেকে ১৬০০ খ্রীষ্টাব্দ পর্যন্ত খ্রীষ্টধর্ম

ইউরোপ এবং এশিয়ার খ্রীষ্টিয়ান নেতৃবর্গ বাইবেল অনুবাদ করতে, সাধারণ মানুষদের বাইবেল পাঠ করতে অথবা তার বাধ্য হবার বিষয় অনুমোদন করতো না। এই ঘটনার ফলে খ্রীষ্টধর্মে বিভিন্ন খারাপ প্রভাব পড়েছিল।

- রাজাগণ এবং পোপেরা তাদের সম্পদ এবং ক্ষমতা বৃদ্ধির জন্য ধর্মের সঙ্গে রাজনীতি সংযোগ করেছিল।
- ১০৯৫ এবং ১৩৫০ খ্রীষ্টাব্দে ইউরোপীয়গণ মুসলিম, যিহুদী এবং এশিয়ার খ্রীষ্টানদের বিরুদ্ধে ধর্মযুদ্ধ পরিচালনা করেছিল, ব্যাপক হত্যা সংঘটিত হয়েছিল এবং তাদের দেশ দখলীকৃত হয়েছিল।
- যুদ্ধে পরাজিত হয়ে মধ্য এশিয়ার অধিকাংশই মুসলিম ধর্মে রূপান্তরিত হয়েছিল।
- ১৩৬৮ খ্রীষ্টাব্দে মিং রাজত্বের সময় চীনে নেস্টোরিয়ানদের খ্রীষ্টধর্ম সম্পূর্ণ মুছে গেছিল।
- ১৩৬৮-১৪০৫ খ্রীষ্টাব্দ নাগাদ মুসলিম সম্রাট তামেরলেন [Tamerlane] এশিয়া থেকে অধিকাংশ খ্রীষ্টধর্মই মুছে দিয়েছিল।
- সাধু ফ্রান্সিস কতৃক স্থাপিত সন্ন্যাসী সম্প্রদায় এবং ডোমিনিক খ্রীষ্টান সাধুগণ মুসলিমদের মধ্যে মিশন কার্য করার জন্য শান্তিপূর্ণ পথের অনুসন্ধান করেছিলেন।

২. আগতঃ সপ্তাহের কার্যাবলীর জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

এই অধ্যায়ের ভাগ ১ একসাথে পাঠ করুন এবং খ্রীষ্টানদের যে বিষয়গুলো অবশ্যই করা উচিত, সেই বিষয়গুলো টুকে রাখুন। আপনি এবং আপনার বিশ্বাসীগণ কিভাবে আপনাদের সমাজে সেই একই কাজ করবেন, সেই বিষয়ে পরিকল্পনা করুন।

উক্ষানবীশ পালকদের সঙ্গে দেখা করুন, যাদের আপনি প্রশিক্ষণ দেন। এই অধ্যয়ন থেকে তাদের মণ্ডলীর ইতিহাসের বিষয় অথবা তাদের প্রয়োজনীয় অন্য কোন বিষয়ে শিক্ষা দিন। PTLT মেনু ব্যবহার করুন।

৩. আসন্ন আরাধনার জন্য প্রয়োজনীয় কার্যাবলীর বিষয় ঐহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

প্রেরিতগণ কিভাবে যীশুর সুসমাচার বিস্তার করেছিলেন সেই বিষয়ে ভাগ ১ এ উল্লেখিত শাস্ত্রাংশগুলো বিশ্বাসীদের পাঠ করতে বলুন।

১২০০ খ্রীষ্টাব্দ থেকে ১৬০০ খ্রীষ্টাব্দের মধ্যবর্তী ৪০০ বছরের খ্রীষ্টিয় ইতিহাসে বিশ্বাসীগণ কিভাবে সুসমাচারের সহভাগিতা করেছিলেন, তা ব্যাখ্যা করুন।


তাড়না এবং প্রত্যাখানের সময় তাঁর প্রতি বিশ্বস্ত থাকতে ঈশ্বর কিভাবে তাদের সাহায্য করেছিলেন সেই বিষয়ে বিশ্বাসীদের সাক্ষ্য দিতে বলুন।

শিশুরা যেনাটকটি প্রস্তুত করেছে তা, তাদের উপস্থাপন করতে দিন।

প্রভুর ভোজের মেজের বিষয়টি প্রবর্তনের জন্য প্রকাশিত বাক্য ২০ঃ৪ পদটি পাঠ করুন এবং সংক্ষেপে ব্যাখ্যা করুন যে যীশু সাক্ষ্যমর হয়েছিলেন এবং যতজন তাঁর জন্য মৃত্যুবরণ করেছেন তারা সকলে তাঁর সঙ্গে রাজত্ব করবেন।

মথি ১০ঃ৩২ পদটি একসঙ্গে মুখস্থ করুন।

পরিকল্পনা, প্রার্থনা এবং পরস্পরকে উৎসাহিত করার জন্য দু-তিন জনের কয়েকটি ক্ষুদ্র দল গঠন করুন।



ভাইকিং হানাদারেরা ইউরোপী খ্রীষ্টধর্মের অধিকাংশ ধ্বংস করেছিলেন।

যাইহোক, পরবর্তীকালে অধিকাংশ ঈাইকিংরাই খ্রীষ্টিয়ান হয়েছিলেন।